গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ১৫ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ/ ২৯ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ

নং-৩৫.০০.০০০০.০২০.২৬.০০৫.১৬-১৫৪ সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ধারা ৩৪ এর ২ এর প্রদত্ত ক্ষমতাবলে করোনা ভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) এর বিস্তার রোধকল্পে শর্ত সাপেক্ষে সীমিত পরিসরে নির্দিষ্ট সংখ্যক যাত্রী নিয়ে স্বাস্থ্য বিধি নিশ্চিতকল্পে সরকার আন্তঃজেলা ও দূরপাল্লায় চলাচলকারী (ঢাকা মহানগর ও এর পার্শ্ববর্তী এলাকা এবং চট্টগ্রাম মহানগরসহ) বাস ও মিনিবাসের সর্বোচ্চ ভাড়া নিম্নোক্তভাবে পুন:নির্ধারণ করলঃ

(ক) আন্তঃজেলা ও দুরপাল্লা রুটে বাস/মিনিবাস চলাচলের ক্ষেত্রে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ০৩ মে ২০১৬ খ্রি: তারিখের ৩৫.০০.০০০০.০২০.২৬.০০৫.১৬-১৬৩ নং প্রজ্ঞাপনমূলে উল্লেখিত বিদ্যমান ভাড়ার (প্রতি যাত্রি প্রতি কিলোমিটার সর্বোচ্চ ১.৪২ টাকা) ৬০ শতাংশ বৃদ্ধি;

(খ) ঢাকা ও চট্টগ্রাম মহানগরীতে বাস/মিনিবাস চলাচলের ক্ষেত্রে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ১৬ সেপ্টেম্বর ২০১৫ খ্রি: তারিখের ৩৫.০২০.০০৬.০০.০০.০১৯.২০১৩-৪১৭ নং প্রজ্ঞাপনে উল্লেখিত বিদ্যমান ভাড়ার (ঢাকা ও চট্টগ্রাম মহানগরীতে চলাচলরত বাস ও মিনিবাসের সর্বোচ্চ ভাড়া প্রতি যাত্রি প্রতি কিলোমিটার যথাক্রমে ১.৭০ টাকা ও ১.৬০ টাকা। বাস ও মিনিবাসের ক্ষেত্রে সর্বনিম্ন ভাড়ার বিদ্যমান হার ৭.০০ টাকা ও ৫.০০ টাকা) ৬০ শতাংশ বৃদ্ধি;

(গ) ঢাকা টান্সপোর্ট কোঅর্ডিনেশন অথরিটি (ডিটিসিএ) এর আওতাধীন জেলার (নারায়নগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী, গাজীপুর, মানিকগঞ্জ ও ঢাকা জেলা) অভ্যন্তরে চলাচলকারী বাস ও মিনিবাস উভয় ক্ষেত্রে ভাড়ার হার প্রতি যাত্রী প্রতি কিলোমিটার ১.৬০ টাকার ৬০ শতাংশ বৃদ্ধি।

শর্তাবলী:-

(ক) একজন যাত্রীকে বাস/মিনিবাসের পাশাপাশি দুইটি আসনের একটি আসনে বসিয়ে অপর আসনটি অবশ্যই ফাঁকা রাখতে হবে। স্বাস্থ্য বিধি অনুসারে শারিরীক ও সামাজিক দুরুত্ব বজায় রাখতে হবে। কোনোভাবেই সংশ্লিষ্ট মোটরযানের রেজিস্ট্রেশন সার্টিফিকেটে উল্লেখিত মোট আসন সংখ্যার অর্ধেকের বেশি যাত্রী বহন করা যাবে না এবং দাঁড়িয়ে কোনো যাত্রী বহন করা যাবে না;

(খ) বর্ণিত প্রজ্ঞাপনদ্বয়ে উল্লেখিত ভাড়ার বিদ্যমান হারে প্রচলিত ভাড়ার চার্টে বর্ণিত ভাড়ার সাথে সরকার কর্তৃক অনুমোদিত ভাড়া বৃদ্ধির হার যোগ করে নতুন ভাড়া নির্ধারিত হবে;

(গ) স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রদত্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক বাস/মিনিবাস পরিচালনা করতে হবে;

(ঘ) অনুমোদিত ভাড়ার হার করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের বিদ্যমান পরিস্থিতিতে পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত আপাততঃ ২ (দুই) সপ্তাহ পর্যন্ত বলবৎ থাকবে।

০২। জনস্বার্থে জারিকৃত এ ভাড়া বৃদ্ধির হার ৩১ মার্চ ২০২১ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২৯/৩/২০২১
(মোঃ জসিম উদ্দিন)
সহকারী সচিব

D:\BRTA & DTCA\Notification (BG Press)\Letter.docx